দৈনিক ইনকিলাব

তারিখ JAN 19 2000
পৃষ্ঠা কলাম



ইনকিলাব ঃ ভিকারুননিসা নূন-এর ইন্তেকালে গতকাল ভিকারুননিসা নূন স্কুলে এক শোকসভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। মরহুমার রুহের মাগফিরাত কামনারত অবস্থায় স্কুলের শিক্ষিকা ও ছাত্রীরা

# ভিকারুননিসা নূন স্কুল-কলেজে শোক সভা ও মিলাদ মাহফিল

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা ভিকারুননিসা নূন স্কুলের প্রতিষ্ঠাতা এবং তদানীন্তন পূর্ব পাকিস্তানের গভর্নর ও পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী মরহুম মালিক ফিরোজ খান নূনের পত্নী লেডী ভিকারুননিসা নূনের ইন্তেকালে গতকাল ভিকারুননিসা নূন স্কুল প্রাঙ্গণে এক বিরাট শোকসভার আয়োজন করা হয়। প্রিন্সিপাল মিসেস হামিদা আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ শোকসভায় মরহুমার রূহের মাগফেরাতের জন্য স্কুল ও কলেজের শিক্ষকবৃন্দ, পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ এবং প্রায় সকল ছাত্রী এই অনুষ্ঠানে শরীক হন। স্কুল-কলেজের ছাত্রীরা মিলাদে অংশগ্রহণ করে এবং মুনাজাত পরিচালনা করেন টিপটপ মসজিদের ইমাম সাহেব। একই সাথে মরহুমার শোকসন্তপ্ত-পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়।